

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৫৮৬

ধর্মনগর, ১৬ জানুয়ারি, ২০২৪

প্রত্যেকরায়ে পৌষ মেলা ও সংহতি উৎসব শুরু

ধর্মনগর মহকুমার কালাছড়া ইউনিয়নের প্রত্যেকরায়ে গ্রাম পঞ্চায়েতে ৫দিনব্যাপী পৌষ মেলা ও সংহতি উৎসব গতকাল থেকে শুরু হয়েছে। প্রত্যেকরায়ে গ্রাম পঞ্চায়েতের বড় আখড়া প্রাঙ্গণের মুক্তমঞ্চে এক অনুষ্ঠানে উৎসবের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। পৌষ মেলা ও সংহতি উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, প্রত্যেকরায়ের এই পৌষ মেলা রাজ্যের ঐতিহ্যবাহী মেলাগুলির মধ্যে অন্যতম। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, বিধায়ক যাদবলাল নাথ, কালাছড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু শর্মা, গ্রাম পঞ্চায়েতের প্রধান সুধাংশু নাথ, জিলা পরিষদের সদস্য কাজল দাস, উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার তানুপদ চক্রবর্তী প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য গৌরমণি নম। ৫দিনব্যাপী মেলা ও উৎসব উপলক্ষে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়েছে। মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*